



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে বন্দুক সহিংসতা এবং সহিংস অপরাধ প্রতিরোধ ও হ্রাস করতে তিন অংশের এজেন্ডা ঘোষণা করলেন

মুখ্য জননিরাপত্তা উদ্যোগ স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারীদের বন্দুক সহিংসতা থেকে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করবে

নতুন ইন্টারস্টেট বন্দুক খোঁজার কনসোর্টিয়াম অবৈধ বন্দুক খুঁজতে স্থানীয় এলাকা এবং প্রতিবেশী স্টেটগুলির সাথে কাজ করবে

সম্প্রদায়-ভিত্তিক বন্দুক সহিংসতায় সাড়াদানে তিনগুণ বিনিয়োগ

গভর্নর ক্যাথি হোকল আজকে 2022 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে বন্দুক সহিংসতা এবং সহিংস অপরাধ প্রতিরোধ ও হ্রাস করতে তিন অংশের এজেন্ডা ঘোষণা করলেন। গভর্নর হোকলের পরিকল্পনা তিনটি মূল উদ্যোগে মনোযোগ দেয়: স্টেট এবং স্থানীয় আইন প্রয়োগকারীদের জন্য বন্দুক নিরাপত্তা উদ্যোগের সংস্থানে বিনিয়োগ করা, বন্দুক পাচার বন্ধ করতে স্থানীয় এলাকা এবং প্রতিবেশী স্টেটগুলির সাথে অংশীদারিত্ব করা, এবং সম্প্রদায়-ভিত্তিক বন্দুক সহিংসতায় সাড়াদানে স্টেটের বিনিয়োগ তিনগুণ করা।

"গভর্নর হিসেবে, আমার সবথেকে গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু বন্দুক সহিংসতা এবং অন্যান্য সহিংস অপরাধ দুঃখজনকভাবে বৃদ্ধি প্রশাসনের নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদানে অত্যন্ত মনোযোগী। আমাদের ত্রিমুখী পন্থা অপরাধ বৃদ্ধিকে সামাল দিবে এবং একই সাথে নিশ্চিত করবে যে বর্ণ ও শ্রেণী নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসী যাতে মর্যাদা ও সম্মান লাভ করে।"

গভর্নর পরিকল্পনা যা করবে:

- **জননিরাপত্তার বিনিয়োগ করবে এবং স্টেট ও স্থানীয় বন্দুক নিরাপত্তা প্রয়োগ বিনিয়োগ করবে:** গভর্নর হোকল স্টেট পুলিশের বন্দুক সহিংসতা সংক্রান্ত ইন্টেলিজেন্স সংস্থান তিনগুণ করবে বিশ্লেষকদের একটি দল যোগ করার মাধ্যমে, যারা নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারে (New York State Intelligence Center) বন্দুক খোঁজার উপাত্ত প্রক্রিয়াজাত করবে। এছাড়াও গভর্নর হোকল কমিউনিটি স্টেবিলাইজেশন ইউনিটের (Community Stabilization Units) সংখ্যা দ্বিগুণ করে 16

করবেন, ফলে সম্প্রদায়ের-বিশেষ অপরাধ সমস্যা মোকাবেলায় স্টেট পুলিশের (State Police) স্থানীয় আইন প্রয়োগকারীদের সাথে অংশীদারিত্ব করার ক্ষমতা বৃদ্ধি পাবে। স্থানীয় আইন প্রয়োগকারীদের সমর্থন করতে, গভর্নর হোকল বন্দুক সংশ্লিষ্ট সহিংসতা অপসারণ কর্মসূচিতে Gun Involved Violence Elimination, (GIVE)তহবিল বৃদ্ধি করবেন এবং একই সাথে নিউ ইয়র্কের অপরাধ বিশ্লেষণ কেন্দ্রগুলিতে (New York's Crime Analysis Centers) বিনিয়োগ বৃদ্ধি করবেন, যারা অপরাধ ইন্টেলিজেন্স এবং উপাত্ত সংগ্রহ করে এবং স্থানীয় আইন প্রয়োগকারীদের প্রদান করে। সবশেষে, নিউ ইয়র্ক স্টেট স্টেটের সকল অঞ্চলে অপরাধ বন্দুক ইন্টেলিজেন্স সেন্টার (Crime Gun Intelligence Centers) স্থাপন করবে, যা স্টেট পুলিশকে কার্যকরভাবে মুখ্য অপরাধ সমাধান এবং স্টেটসমূহের মধ্যকার অবৈধ আগ্নেয়াস্ত্র পাচার রোধ করতে পারবে।

- **ইন্টারস্টেট বন্দুক খোঁজার কনসোর্টিয়াম (Gun Tracing Consortium) তৈরি:** যদিও আগে অবৈধ বন্দুক খোঁজার ব্যাপারে পদক্ষেপ নেওয়া হয়েছে, সেগুলি প্রায়ই এককেন্দ্রিক এবং একক শহরের জন্য আলাদা ছিলো। সমস্যাটির আরো সার্বিক একটি পন্থার জন্য, গভর্নর হোকল স্টেট পুলিশকে নির্দেশনা দিবেন একটি ইন্টারস্টেট বন্দুক খোঁজার কনসোর্টিয়াম (Interstate Gun Tracing Consortium) তৈরি করতে, যাতে স্থানীয় এলাকাসমূহ এবং প্রতিবেশী স্টেটগুলির সাথে ইন্টেলিজেন্স আদান প্রদান করা যায়। ইন্টারস্টেট বন্দুক খোঁজার কনসোর্টিয়ামটি বাস্তব সময়ে ইন্টেলিজেন্স আদানপ্রদানে এবং অভীষ্ট বন্দুক নিষেধাজ্ঞার ক্ষেত্রে কার্যকর সমন্বয়ে মনোযোগ দিবে।
- **সম্প্রদায়-ভিত্তিক বন্দুক সহিংসতায় সাড়াদানে তিনগুণ বিনিয়োগ:** এছাড়াও গভর্নর হোকল যেসকল সম্প্রদায়-ভিত্তিক প্রতিরোধ ও সাড়াদান প্রচেষ্টা সহিংসতা কমাতে বলে প্রমাণিত হয়েছে সেখানে বিনিয়োগ করবেন। এই মুখ্য বিনিয়োগটি নিউ ইয়র্ক স্টেটের 22টি ট্রমা সেন্টারের সবকয়টিতে হাসপাতাল-ভিত্তিক বন্দুক সহিংসতা বিশেষজ্ঞের উপর বিনিয়োগ করবে, ন্যায়াগ্রা ফলস, ইউটিকা এবং স্কেনেকটেডি পর্যন্ত স্টেটের SNUG স্ট্রিট আউটরিচের নেটওয়ার্ক সম্প্রসারিত করবে, স্টেটের সহিংসতা থামানোর কাজে জড়িত থাকা ঝুঁকিতে থাকা তরুণদের জন্য দক্ষতা-ভিত্তিক চাকরির জন্য প্রস্তুতি প্রদান করবে এবং চাকরি প্রদানের প্রশিক্ষণ প্রদান করবে, এবং আউটরিচ কর্মীদের নিয়োগ ও ধরে রাখার জন্য দেশের প্রথম কর্মসূচি শুরু করবে।

পুরো দেশে বন্দুক সহিংসতা নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে, যা কোভিড-19মহামারীর একটি সময়ে হচ্ছে। 2019 থেকে 2020 পর্যন্ত, নিউ ইয়র্কে বন্দুক সংশ্লিষ্ট হত্যার সংখ্যা প্রায় 80 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা পরিবার ও সম্প্রদায়কে বিপর্যস্ত করেছে। প্রতিক্রিয়ায়, গভর্নর হোকল 2021 সালে করা উল্লেখযোগ্য বিনিয়োগ ও গৃহীত পদক্ষেপের উপর ভিত্তি করে অনেক ধরনের উদ্যোগ সম্প্রসারিত করবেন যার মধ্যে থাকবে স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারীদের ক্ষমতা বৃদ্ধি করা, নিউ ইয়র্ক সিটি এবং প্রতিবেশী স্টেটসমূহের সাথে অংশীদারিত্ব করা, এবং সম্প্রদায়-ভিত্তিক প্রতিষ্ঠান ও কর্মসূচিতে অতিরিক্ত সংস্থান প্রদান করা, যারা পুরো স্টেটে বন্দুক সহিংসতা কমাতে এবং জননিরাপত্তা জোরদার করতে কাজ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)